

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
মুখপত্র  
[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৯৯

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
২৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ


**প্রেস বিজ্ঞপ্তি**

**বিষয়: ৯৪৯ তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৪৯ তম কমিশন সভা অদ্য ২৫/০৩/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

- ১। অদ্যকার কমিশন সভায়, শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানি খান ব্রাদার্স পিপি ওভেন ব্যাগ ইন্ডাস্ট্রিজ লিমিটেডের শেয়ার লেনদেনে কারসাজির সন্দেহে জনাব Md. Azad Hossain Patwary, জনাব Md. Nasir Uddin Akond ও জনাব Md. Akter Hosen এর বিও হিসাবে খান ব্রাদার্স পিপি ওভেন ব্যাগ ইন্ডাস্ট্রিজ লিমিটেডের শেয়ারের ডেবিট ট্রানজেকশন স্থগিত (Suspend) করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও, বিষয়টি অধিকতর তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। কমিশন অদ্যকার সভায় Reneta PLC এর অনুমোদিত ৬৬০.১৫ কোটি টাকার Secured, Non-convertible, Fully Redeemable, Zero Coupon Bond এর Subscription গ্রহণের জন্য সম্মতি পত্রের (Consent letter) মেয়াদ শেষবারের মত ছয় মাস বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য যে, উক্ত বন্ডের সম্মতি পত্রের (Consent letter) অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।
- ৩। কমিশন অদ্যকার সভায়, Renata PLC এর ৩৫০ কোটি টাকার অনুমোদিত redeemable, cumulative, non-convertible and non-participative অগ্রাধিকার শেয়ার ইস্যু করার জন্য Subscription এর সময় শেষবারের মত তিন (০৩) মাস বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য যে, উক্ত অগ্রাধিকার শেয়ারের সম্মতি পত্রের (Consent letter) অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

  
মোঃ আবুল কালাম  
পরিচালক ও মুখপাত্র